দৈনিক সংবাদ

তারিখ ... OCT. 12 1999
পৃষ্ঠা: ১২ কলাম ৬

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# বুধ-বৃহস্পতিবার ধর্মঘট ডেকেছে ছাত্রদল

নিজস্ব বার্তা পরিবেশক, চট্টগ্রাম ব্যুরো ঃ জাতীয়তাবাদী ছাত্রদল চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা বুধ ও বৃহস্পতিবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সর্বাত্মক ছাত্র ধর্মঘটের ডাক দিয়েছে। বৃহস্পতিবার অনুষ্ঠিতব্য সিন্ডিকেট নির্বাচনের কারণে শিক্ষকদের যাতায়াতের বাসসমূহ ধর্মঘটের আওতার বাইরে থাকবে।

গতকাল বিকেলে স্থানীয় প্রেসক্লাবে ছাত্রদল বিশ্ববিদ্যালয় শাখা আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এ তথ্য দিয়ে বলা হয়, গত ২৫শে সেপ্টেম্বর ছাত্রদলের সভা থেকে সম্মেলনের তারিখ ঘোষণা করা হয়।

সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সম্মেলন প্রস্তুতি কমিটির আহ্বায়ক মোঃ সেলিম। এতে উপস্থিত ছিলেন ছাত্রদল নেতা ইফতেখার হোসেন মহসীন, নাজিমুর রহমান, মাহবুবের রহমান, শামীম-আবদুল্লাহ-আল-মামুন ও আর ইউ চৌধুরী শাহীন।

গণতান্ত্রিক ছাত্রঐক্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখার ছাত্রাবাস চালুসহ শিক্ষার দাবিতে আগামীকাল বুধবার ছাত্র ধর্মঘট আহ্বান করেছে।